



প্রেস-রিলিজ

ডেঙ্গু প্রতিরোধে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মশক নিধন কর্মসূচি পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ।

সারা দেশে ডেঙ্গু মশার উপদ্রপ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু প্রতিরোধে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে মশক নিধন কর্মসূচি। ক্যাম্পাসে এডিস মশার উপদ্রব ধ্বংস করার লক্ষ্যে ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বিশ্ববিদ্যালয়ের প্রতিটা হল, ক্যাফেটেরিয়া একাডেমিক ভবন ও প্রশাসনিক ভবনসহ পুরো বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তিনটি শক্তিশালী মশক নিধনে ফগার মেশিন দ্বারা মশক নিধন ওষুধ প্রয়োগ করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের আহবানে ফগার মেশিন দ্বারা মশা মারার ঔষধ প্রয়োগে সহযোগিতা করেছেন বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ। বরিশাল সিটি কর্পোরেশন থেকে মশক নিধনের নেতৃত্বে আসা আবু জাফর জানান তিনটি ফগার মেশিন দিয়ে বিশ্ববিদ্যালয়ের পুরো ক্যাম্পাসে মশক নিধনের লক্ষ্যে ওষুধ প্রয়োগ করা হয়েছে। এতে করে ক্যাম্পাসে মশার উপদ্রপ কমে আসবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়